গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-ময়মনসিংহ
আদিবা আনোয়ার নিবাস ২২, অমৃত বাবু রোড, ময়মনসিংহ
www.taxzonemymensingh.gov.bd

নথি নং- নিয়োগ/কঅ-ম/২০২৩-২০২৪/১০২৬

তারিখঃ ০৮ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২২ জানুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ হতে প্রাপ্ত ছাড়পত্রের ভিত্তিতে জাতীয় রাজস্ব বোর্ডের অধীনস্থ কর অঞ্চল-ময়মনসিংহ'র রাজস্ব খাতভুক্ত শূন্য পদে বিধি মোতাবেক সরাসরি জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদসমূহে ময়মনসিংহ বিভাগের প্রকৃত নাগরিকগণ এবং কর অঞ্চল ময়মনসিংহের অধিক্ষেত্রাধীন কিশোরগঞ্জ জেলার (ভৈরব ও কুলিয়ারচর উপজেলা ব্যতীত) প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে (http://tzm.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

ক্রমিক	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী)	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (ন্যূনতম)	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
০১.	উচ্চমান সহকারী গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-)	১১ (এগারো) টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী। (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা ও (গ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ।	ময়মনসিংহ বিভাগের সকল জেলা। কিশোরগঞ্জ জেলার ভৈরব ও কুলিয়ারচর উপজেলা ব্যতীত সকল উপজেলা । এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় ময়মনসিংহ বিভাগের সকল জেলা, ভৈরব ও কুলিয়ারচর উপজেলা ব্যতীত কিশোরগঞ্জ জেলার সকল উপজেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০২.	সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-)	০২ (দুই) টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী। (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা ও (গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ইংরেজীতে-৭০, বাংলায়-৪৫শব্দ; এবং (ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ইংরেজীতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ।	ময়মনসিংহ বিভাগের সকল জেলা। কিশোরগঞ্জ জেলার ভৈরব ও কুলিয়ারচর উপজেলা ব্যতীত সকল উপজেলা। এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় ময়মনসিংহ বিভাগের সকল জেলা, ভৈরব ও কুলিয়ারচর উপজেলা ব্যতীত কিশোরগঞ্জ জেলার সকল উপজেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০৩.	ডাটা এন্ট্রি অপারেটর/অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০/-)	০৩(তিন) টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং (গ) কম্পিউটার মুদ্রাক্ষরের গতি প্রতি মিনিটে বাংলা-২০ ও ইংরেজি-২০ শব্দ।	ময়মনসিংহ বিভাগের সকল জেলা। কিশোরগঞ্জ জেলার ভৈরব ও কুলিয়ারচর উপজেলা ব্যতীত সকল উপজেলা । এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় ময়মনসিংহ বিভাগের সকল জেলা, ভৈরব ও কুলিয়ারচর উপজেলা ব্যতীত কিশোরগঞ্জ জেলার সকল উপজেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

০৪.	গাড়ী চালক গ্রেড-১৬(৯,৩০০-২২,৪৯০/-)	০২ (দুই) টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) হালকা গাড়ি চালানোর বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে; (গ) অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীরা অগ্রাধিকার পাবেন।	ময়মনসিংহ বিভাগের সকল জেলা। কিশোরগঞ্জ জেলার ভৈরব ও কুলিয়ারচর উপজেলা ব্যতীত সকল উপজেলা। এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় ময়মনসিংহ বিভাগের সকল জেলা, ভৈরব ও কুলিয়ারচর উপজেলা ব্যতীত কিশোরগঞ্জ জেলার সকল উপজেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০৫.	মেশিন অপারেটর গ্রেড- ১৮ (৮,৮০০-২১,৩২০/-)	০১(এক) টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) ফটোকপি মেশিন চালানোর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	নেত্রকোনা জেলা ব্যতীত ময়মনসিংহ বিভাগের সকল জেলা। কিশোরগঞ্জ জেলার ভৈরব ও কুলিয়ারচর উপজেলা ব্যতীত সকল উপজেলা । তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় ময়মনসিংহ বিভাগের সকল জেলা, ভৈরব ও কুলিয়ারচর উপজেলা ব্যতীত কিশোরগঞ্জ জেলার সকল উপজেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০৬.	নোটিশ সার্ভার গ্রেড- ২০ (৮২৫০-২০০১০/-)	০৫ (পাঁচ) টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	নেত্রকোনা জেলা ব্যতীত ময়মনসিংহ বিভাগের সকল জেলা। কিশোরগঞ্জ জেলার ভৈরব ও কুলিয়ারচর উপজেলা ব্যতীত সকল উপজেলা । তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় ময়মনসিংহ বিভাগের সকল জেলা, ভৈরব ও কুলিয়ারচর উপজেলা ব্যতীত কিশোরগঞ্জ জেলার সকল উপজেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০৭.	অফিস সহায়ক গ্রেড- ২০ (৮২৫০-২০০১০/-)	০৪ (চার)টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	নেত্রকোনা জেলা ব্যতীত ময়মনসিংহ বিভাগের সকল জেলা। কিশোরগঞ্জ জেলার ভৈরব ও কুলিয়ারচর উপজেলা ব্যতীত সকল উপজেলা । তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় ময়মনসিংহ বিভাগের সকল জেলা, ভৈরব ও কুলিয়ারচর উপজেলা ব্যতীত কিশোরগঞ্জ জেলার সকল উপজেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০৮.	নিরাপত্তা প্রহরী গ্রেড- ২০ (৮২৫০-২০০১০/-)	০১(এক) টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	নেত্রকোনা জেলা ব্যতীত ময়মনসিংহ বিভাগের সকল জেলা। কিশোরগঞ্জ জেলার ভৈরব ও কুলিয়ারচর উপজেলা ব্যতীত সকল উপজেলা । তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় ময়মনসিংহ বিভাগের সকল জেলা, ভৈরব ও কুলিয়ারচর উপজেলা ব্যতীত কিশোরগঞ্জ জেলার সকল উপজেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবেঃ

০১। প্রার্থীর বয়সঃ

(ক) ০১-০২-২০২৪ খ্রি: তারিখে প্রার্থীদের বয়সসীমা ১৮-৩০ বৎসর এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের বয়সসীমা ১৮-৩২ বৎসর। এছাড়া, বিজ্ঞপ্তির ক্রমিক নং-(১), (২) ও (৩) এ বর্ণিত পদের

বিপরীতে কর বিভাগে কর্মরত প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০২। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৩। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৪। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান যাবতীয় বিধি বিধান/আদেশ/নিয়মাবলী, কোটা এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৫। সরকারী নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে। সরকার কোটা বিষয়ে যেরূপ সিদ্ধান্ত গ্রহণ করবেন নিয়োগ প্রক্রিয়া সেভাবে সম্পন্ন হবে।

০৬। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিকস্খলনজনিত অভিযোগে দন্ডিত হন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

০৭। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তির সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

০৮। ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। ।

০৯। অনলাইন ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

১০। নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ

ক. আবেদন করতে ইচ্ছুক ব্যক্তি (http://tzm.teletalk.com.bd) ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদন সময়সীমা নিম্নরূপঃ

(i) অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ : ৭ ফেব্রুয়ারি ২০২৪, সকাল ১০:০০ ঘটিকা।

(ii) অনলাইনে আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ : ২৭ ফেব্রুয়ারি ২০২৪, বিকাল ০৫:০০ ঘটিকা।

উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র দাখিল এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) online এ আবেদনপত্রে প্রার্থী তার সাম্প্রতিক সময়ে সংগৃহীত (৩ মাসের মধ্যে) রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ ×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ ×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ ১০০KB ও স্বাক্ষর সাইজ, সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

(গ) Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online- এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :

(i) Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে।

যদি Applicant's copy-তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy–তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১ নং হতে ৪ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩.০০ টাকাসহ অফরেতযোগ্য সর্বমোট ২২৩.০০ (দুইশত তেইশ) টাকা এবং ৫ নং হতে ৮ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০ (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২.০০ টাকাসহ অফরেতযোগ্য সর্বমোট ১১২.০০ (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS:

TZM<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: TZM ABCDEF& send to ১৬২২২

Reply: Applicant's Name, TK-২২৩/১১২ will be charged as application fee. Your PIN is ১২৩৪৫৬৭৮, To pay fee Type TZM<space>Yes<space>PIN and Send to ১৬২২২ নম্বরে।
দ্বিতীয় SMS:
TZM<space>Yes<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: TZM Yes ১২৩৪৫৬৭৮
Reply: Congratulations Applicant's Name. Payment Completed Successfully for TZM Application for (Post Name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি (http://tzm.teletalk.com.bd) ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে :

TZM<space>Help<space>User<space>User ID & send to ১৬২২২
Example: TZM Help User ABCDEF & send to ১৬২২২
(ii) PIN Number জানা থাকলে :
TZM<space>Help<space>PIN<space>PIN No& send to ১৬২২২
Example: TZM Help PIN ১২৩৪৫৬৭৮ & send to ১৬২২২

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও কর অঞ্চল-ময়মনসিংহ'র জন্য ওয়েবসাইট (http://tzm.teletalk.com.bd) এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.taxzonemymensingh.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) Online-এআবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা alljobs.query@teletalk.com.bd এবং ctmymensingh@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk-এ ম্যাসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজএর subject-এOrganization Name: TZM Post Name: *****,Applicant's User ID ওContact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১২। প্রার্থীর যোগ্যতা যাচাইয়ে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩। প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নর্ণিত (ক্রমিক নং ক হতে ঝ পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শন পূর্বক সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি রঙ্গিন ছবিসহ প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদ);
(খ) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ;
(গ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমানক;
(ঘ) প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ;

(ঙ) গাড়ি চালক পদের প্রার্থীর ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত অনুলিপি;

(চ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের মূলকপি;

(ছ) Online-এ পূরনকৃত আবেদনপত্রের কপি (Applicant`s Copy) ও (Admit Card) এর রঙ্গিন প্রিন্ট কপি;

(জ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা কিংবা বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র -কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং আবেদনকারীর সাথে ধারবাহিকতার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

(ঝ) শারীরিক প্রতিবন্ধী, এতিম,ক্ষুদ্র নৃ-গোষ্ঠি এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

১৪। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময়সূচী পরবর্তীতে কর অঞ্চল-ময়মনসিংহের নোটিশ বোর্ড ও www.taxzonemymensingh.gov.bd ওয়েবসাইটে প্রদর্শন করা হবে এবং প্রার্থীদের ব্যক্তিগত মুঠোফোনে sms এর মাধ্যমে জানানো হবে।

১৫। লিখিত/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হবে।

১৬| এই নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের (বিধি-০১ শাখা) ১৭/০৪/২০২৩ খ্রিঃ তারিখে জারিকৃত মন্ত্রণালয়/বিভাগ ও তার অধীন সরকারী দপ্তর/পরিদপ্তর/অধিদপ্তর, স্বায়ত্বশাসিত সংস্থা, সংবিধিবদ্ধ সংস্থা এবং বিভিন্ন কর্পোরেশনে চাকরিতে ১৩-২০তম গ্রেডের পদে কর্মচারী নিয়োগে অপেক্ষমান তালিকা সংরক্ষণ সংক্রান্ত পরিপত্র কার্যকর হবে।

১৭। উপরে উল্লেখ করা হয়নি এমন যে কোন বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি বিধান প্রযোজ্য হবে।

১৮। লিখিত/ব্যবহারিক /মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ. প্রদান করা হবে না।

স্বাক্ষরিত
২২/০১/২০২৪
(মো: বখতিয়ার উদ্দিন)
উপকর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
কর অঞ্চল-ময়মনসিংহ।